

B.A. 4th Semester (Honours) Examination, 2024 (CBCS)

বিষয় : বাংলা

Course : SEC-2

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মানের নির্দেশক।

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

২×৫=১০

- (ক) প্রাতিষ্ঠানিক পত্র কাকে বলে?
- (খ) ব্যক্তিগত পত্রের সংজ্ঞা দাও।
- (গ) প্রতিবেদনের আদর্শ শিরোনাম কেমন হওয়া উচিত?
- (ঘ) একটি আদর্শ প্রতিবেদনে কী কী গুণ থাকা উচিত?
- (ঙ) অনুচ্ছেদ কী বুঝিয়ে দাও।
- (চ) ভাবার্থ ও ভাবসম্প্রসারণের পার্থক্য সংক্ষেপে বুঝিয়ে লেখো।
- (ছ) প্রাতিষ্ঠানিক পত্রে বিষয়ের উল্লেখ কেন থাকে বুঝিয়ে লেখো।
- (জ) ক্রীড়া-প্রতিবেদন কাকে বলে?

২। যে-কোনো দুইটি প্রশ্নের উত্তর দাও :

৫×২=১০

- (ক) তোমার মহাবিদ্যালয়ের জাতীয় সেবা প্রকল্পে (এন.এস.এস.) যোগদানের আবেদন জানিয়ে মহাবিদ্যালয়ের অধ্যক্ষ মহাশয়কে একটি পত্র লেখো।
- (খ) বিশ্বব্যাপী জলসংকটের সম্ভাবনা নিয়ে উপযুক্ত শিরোনামসহ একটি প্রতিবেদন রচনা করো।
- (গ) 'খেলাধুলোর প্রয়োজনীয়তা' বিষয়ে একটি অনুচ্ছেদ রচনা করো।
- (ঘ) ভাবার্থ লেখো:

হে মহাজীবন, আর এ কাব্য নয়
এবার কঠিন, কঠোর গদ্যে আনো,
পদ-লালিত্য-বাঙ্কার মুছে যাক
গদ্যের কড়া হাতুড়িকে আজ হানো!
প্রয়োজন নেই কবিতার স্নিগ্ধতা—
কবিতা তোমায় দিলাম আজকে ছুটি,
ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময়:
পূর্ণিমা-চাঁদ যেন বলসানো রুটি।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

- (ক) সামাজিক মাধ্যম (সোশ্যাল মিডিয়া)-এর অত্যধিক ব্যবহারের ক্ষতিকর দিক সম্পর্কে উপযুক্ত শিরোনামসহ একটি প্রতিবেদন রচনা করো।
- (খ) তোমার এলাকায় অনুষ্ঠিত একটি মেলা সম্পর্কে তোমার বন্ধুকে একটি পত্র লেখো।
- (গ) অনুচ্ছেদ রচনা করো:
'মাতৃভাষার মাধ্যমে শিক্ষা'
- (ঘ) ভাবসম্প্রাসরণ করো:
'অন্যায় যে করে আর অন্যায় যে সহে
তব ঘৃণা তারে যেন তৃণসম দহে'